রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, জুন ৩০, ২০১৯**

**বাংলাদেশ জাতীয় সংসদ**

ঢাকা, ১৬ আষাঢ়, ১৪২৬/৩০ জুন, ২০১৯

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১৬ আষাঢ়, ১৪২৬ মোতাবেক ৩০ জুন, ২০১৯ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্দ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :-

**২০১৯ সনের ০৯ নং আইন**

## ২০১৯ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু ২০১৯ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০১৯ নামে অভিহিত হইবে।

২। **২০১৮-১৯ অর্থবৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ১৫১৬৬,১৮,৫৪,০০০ (পনেরো হাজার একশত ছেষট্টি কোটি আঠারো লক্ষ চুয়ান্ন হাজার) টাকা প্রদান।**—২০১৯ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে যেই সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত **১৫১৬৬,১৮,৫৪,০০০ (পনেরো হাজার একশত ছেষট্টি কোটি আঠারো লক্ষ চুয়ান্ন হাজার)** টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।


মূল্য : টাকা ৪.০০

৩। **নির্দিষ্টকরণ**।—এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০১৯ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

**তফসিল**

(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

(অংকসমূহ হাজার টাকায়)

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০২ | প্রধানমন্ত্রীর কার্যালয় | ০ | ১৭,০২,৯৫ | ১৭,০২,৯৫ |
| ০৩ | মন্ত্রিপরিষদ বিভাগ | ০ | ৮,০৭,৭৮ | ৮,০৭,৭৮ |
| | বাংলাদেশ সুপ্রিম কোর্ট | ৩৩,৭২,৫৭ | ০ | ৩৩,৭২,৫৭ |
| ০৪ | নির্বাচন কমিশন সচিবালয় | ৬৩৭,৬৯,২৩ | ১৮১০,১৯,০০ | ২৪৪৭,৮৮,২৩ |
| ০৫ | জনপ্রশাসন মন্ত্রণালয় | ০ | ২২৯,৬৮,৪০ | ২২৯,৬৮,৪০ |
| ০৬ | বাংলাদেশ সরকারি কর্ম কমিশন | ১৩,৫৯,৩৪ | ৩৩,৩৪,০০ | ৪৬,৯৩,৩৪ |
| | বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয় | ২,০৬,৪৬ | ০ | ২,০৬,৪৬ |
| ১০ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ৪২১,১৭,৪৮ | ৬,৮৬,৫৯ | ৪২৮,০৪,০৭ |
| ১২ | বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | ০ | ৯,৬০,৭২ | ৯,৬০,৭২ |
| ১৩ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | ০ | ১৪১,৮৬,৩৭ | ১৪১,৮৬,৩৭ |
| ১৫ | পররাষ্ট্র মন্ত্রণালয় | ০ | ১৫১,৬৭,৩৫ | ১৫১,৬৭,৩৫ |
| ১৬ | প্রতিরক্ষা মন্ত্রণালয় | ০ | ১৬০৪,৬৪,৭৮ | ১৬০৪,৬৪,৭৮ |
| ১৮ | আইন ও বিচার বিভাগ | ০ | ৫৪,১২,৬৯ | ৫৪,১২,৬৯ |
| ১৯ | জননিরাপত্তা বিভাগ | ০ | ৬৭৪,৩৩,৪৭ | ৬৭৪,৩৩,৪৭ |
| ২০ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ০ | ২,৮৮,৩৪ | ২,৮৮,৩৪ |
| ২২ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | ০ | ৯৭২,০৫,৮৭ | ৯৭২,০৫,৮৭ |
| ২৩ | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | ০ | ১৯০,৫০,০০ | ১৯০,৫০,০০ |
| ২৮ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | ০ | ৪৪,০৬,২৫ | ৪৪,০৬,২৫ |
| ২৯ | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ০ | ১১৮২,৯৩,৫৬ | ১১৮২,৯৩,৫৬ |
| ৩১ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ০ | ১১৫,৯৩,১৮ | ১১৫,৯৩,১৮ |
| ৩২ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৩২৬,৫৮,৪৬ | ৩২৬,৫৮,৪৬ |

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৩৩ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ০ | ২১,০৮,১৭ | ২১,০৮,১৭ |
| ৩৪ | স্থানীয় সরকার বিভাগ | ০ | ১৫৪২,৮৪,৫৯ | ১৫৪২,৮৪,৫৯ |
| ৩৫ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | ০ | ৫৭,৫৬,১৫ | ৫৭,৫৬,১৫ |
| ৩৬ | শিল্প মন্ত্রণালয় | ০ | ২২০,৯৭,৭৭ | ২২০,৯৭,৭৭ |
| ৩৭ | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | ০ | ৮৩,৫৪ | ৮৩,৫৪ |
| ৩৮ | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | ০ | ৮৭৬,১৬,১১ | ৮৭৬,১৬,১১ |
| ৩৯ | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | ০ | ৩০৫,৪৩,০৩ | ৩০৫,৪৩,০৩ |
| ৪২ | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | ০ | ৬৯,৩৭,০৭ | ৬৯,৩৭,০৭ |
| ৪৪ | পানি সম্পদ মন্ত্রণালয় | ০ | ৫৮৬,৬৪,৯০ | ৫৮৬,৬৪,৯০ |
| ৪৬ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ০ | ৫৯,১৩,৮৬ | ৫৯,১৩,৮৬ |
| ৪৯ | নৌ পরিবহন মন্ত্রণালয় | ০ | ৬৭৭,৭৩,৯৩ | ৬৭৭,৭৩,৯৩ |
| ৫২ | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৫১,৫৯,৭৭ | ৫১,৫৯,৭৭ |
| ৫৩ | বিদ্যুৎ বিভাগ | ০ | ১২৭৬,৭৯,৪৪ | ১২৭৬,৭৯,৪৪ |
| | দুর্নীতি দমন কমিশন | ১১,১১,৬০ | - ৫৭৭,০০ | ৫,৩৪,৬০ |
| ৫৭ | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | ০ | ৫৫,২৯,৪৩ | ৫৫,২৯,৪৩ |
| ৫৮ | সুরক্ষা সেবা বিভাগ | ০ | ৬৭৪,৭১,৩৪ | ৬৭৪,৭১,৩৪ |
| | **মোট মঞ্জুরি ও বরাদ্দের দাবি** | **১১১৯,৩৬,৬৮** | **১৪০৪৬,৮১,৮৬** | **১৫১৬৬,১৮,৫৪** |

**ড. জাফর আহমেদ খান**
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd